



RAMAKRISHNA MISSION BOYS' HOME HIGH SCHOOL (Higher Secondary)

P.O.-Rahara, Kolkata-700118, W.B
Email-highschool@rkmissionrahara.org

Ph. No. 2523-6969

Date- 02.5.2018

॥ বিজ্ঞপ্তি ॥

এতদ্বারা ৫ম থেকে ১০ম শ্রেণির ছাত্রদের জানানো যাচ্ছে যে, আগামী ৮ই মে (মঙ্গলবার), ১০ই মে (বৃহস্পতিবার) এবং ১১ই মে (শুক্রবার), ২০১৮ Part-I পরীক্ষার উত্তরপত্র তাদের বাড়িতে নিয়ে যাওয়ার জন্য দেওয়া হবে। ঐ উত্তরপত্রগুলি আগামী ১২ই মে (শনিবার) অতি অবশ্যই অভিভাবকদের স্বাক্ষর করিয়ে বিদ্যালয়ে জমা দিতে হবে। অন্যথায়, প্রতি একদিন দেবী করার জন্য ১০০ টাকা করে জরিমানা দিতে হবে।

Part- I পরীক্ষার প্রগতিপত্র আগামী ১৫ই জুন (শুক্রবার) দেওয়া হবে। প্রগতিপত্র অভিভাবকদের স্বাক্ষর করিয়ে বিদ্যালয়ে জমা দিতে হবে না।

যদি কোন ছাত্র অসুস্থতাবশত: বা অন্য কোন কারণে ১২ই মে (শনিবার) Part- I পরীক্ষার উত্তরপত্র বিদ্যালয়ে জমা দিতে না পারে, তাহলে তার পরিবারের যে কোন সদস্য ঐ দিন [১২ই মে (শনিবার)] পরীক্ষার খাতা সকাল ১০টা ৩০ মিনিটের মধ্যে বিদ্যালয়ে জমা দিতে পারবেন।

উত্তরপত্রে কোথাও নম্বর যোগে ভুল থাকলে অথবা কোন উত্তরে unmarked থাকলে ছাত্ররা অত্যন্ত বিনীতভাবে ঐ সময়ে (যে Period-এ পরীক্ষার Khata দেওয়া হচ্ছে) সংশ্লিষ্ট শিক্ষক মহাশয়ের নজরে আনবে। যদি যোগে ভুল বা unmarked থাকে তাহলে ঐ সময়ের মধ্যেই (যে Period-এ পরীক্ষার Khata দেওয়া হচ্ছে) তা ঠিক করে নিতে হবে। বাড়ি নিয়ে যাওয়ার পর কোন মতেই নম্বর বাড়ানো হবে না। উত্তরপত্র কেবল অভিভাবকদের দেখানোর জন্য বাড়ি নিয়ে যাবে।

পরীক্ষিত উত্তরপত্রে কোন ছাত্র কোনভাবে অসৎ উপায় অবলম্বন করে নম্বর বাড়ালে বা overwriting করলে তাকে কঠোর শাস্তি পেতে হবে।

কোন ছাত্র অসুস্থতাবশত: ৮ই মে (মঙ্গলবার), ১০ই মে (বৃহস্পতিবার) এবং ১১ই মে (শুক্রবার), ২০১৮ বিদ্যালয়ে অনুপস্থিত থাকলে, তার অভিভাবক শুধুমাত্র ১২ই মে (শনিবার) ১১-টা থেকে ১-টার মধ্যে উত্তরপত্র দেখতে পারবেন। তিনি কোনভাবেই সেই উত্তরপত্র বাড়িতে নিয়ে যেতে পারবেন না।

(Swami Muralidharananda)
Headmaster